# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৮১৪

৫৪. ঘরে প্রবেশ করার অনুমতি গ্রহণ বিষয়ক অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৭. ঘৃতে ইদুর পতিত হইলে কি করা যাইবে, নামাযের সময় খাবার আসিলে আগে খাইবে

باب ما جاء فِي الفأرة نقع فى السنن والبدء بالأكل قبل الصلاة

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئِلَ عَنْ الْفَأْرَةِ تَقَعُ فِي السَّمْنِ فَقَالَ انْزِعُوهَا وَمَا حَوْلَهَا فَاطْرَحُوهُ

বাংলা

রেওয়ায়ত ২০. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সহধর্মিণী মায়মুনা (রাঃ)-এর বর্ণনা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের নিকট জিজ্ঞাসা করা হইল যে, ঘৃতে ইদুর পতিত হইলে কি করিতে হইবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেন, উহা বাহিরে ফেলিয়া দাও এবং উহার আশেপাশের ঘৃতও ফেলিয়া দাও।[1]

## English

Malik related to me from Ibn Shihab from Ubaydullah ibn Abdullah ibn Utba ibn Masud from Abdullah ibn Abbas from Maimuna, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, was asked about a mouse falling into clarified butter. He said, "Remove it and throw away what is around it "

ফুটনোট

[1] অবশিষ্ট ব্যবহার কর অর্থাৎ ঘৃত জমিয়া থাকিলে উহাতে যদি ইঁদুর পতিত হয় তবে ইদুর বাহির করিয়া ফেলিয়া দিবে এবং ইঁদুর যেখানে পতিত হইয়াছিল উহার আশেপাশের ঘৃতও তুলিয়া ফেলিয়া দিতে হইবে। এইভাবে অবশিষ্ট ঘৃত ব্যবহারোপযোগী হয়। আর যদি ঘৃত তরল হয়, তবে সমস্ত ঘৃতই নষ্ট হইয়া যাইবে এবং সমস্তই ফেলিয়া দিতে হইবে। অবশ্য ইমাম যুহরী (রহঃ) ও ইমাম আওযায়ী (রহঃ)-এর মতে তখনও সমস্ত ঘৃত

নষ্ট হইবে না। অন্যান্য তৈলের বেলায়ও সেই একই হুকুম হইবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74711

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন